গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhat.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আনোয়ার পারভেজ<br>অতিরিক্ত জেলা প্রশাসক, জয়পুরহাট |
| তারিখ | : | ০৭ ডিসেম্বর, ২০২২ খ্রি: |
| সময় | : | সকাল ১০:০০ টা |
| স্থান | : | জেলা প্রশাসক, জয়পুরহাট এর সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমিতক্রমে সদস্য সচিব সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর সংযোজনী-৭ এ উল্লেখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম অংশে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান পরিবীক্ষণ কমিটি পূর্ণগঠন এবং ১.২ কার্যক্রম অংশে পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সভায় কমিটির কার্যপরিধি অনুযায়ী কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম নিয়ে সভায় আলোচনা হয়।

| ক্রম: | গত সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | ১১/০৯/২০২২ | ০৪টি | ০৪টি | ১০০% |

অতঃপর সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পূর্ণগঠন:** সদস্য সচিব, সহকারী কমিশনার (সাধারণ শাখা) জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পূর্ণগঠন ও কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি ও কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সূচকের ব্যাখ্যা ও মূল্যায়ন প্রক্রিয়া তরান্বিত করার জন্য কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মুল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুযায়ী গত ১৯ জুলাই ২০২২ তারিখে এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পূর্ণগঠন করে ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করা হয়েছে। চলতি অর্থবছরের ১ম কোয়ার্টারের প্রারম্ভে এ কমিটি যথাযথভাবে পুর্নগঠিত হওয়ায় ২য় ত্রৈমাসিক পুর্নগঠনের প্রয়োজনীয়তা নেই।<br><br>সদস্য সচিব আরও জানান যে, এ জেলার আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালসমূহের ওয়েবসাইট পরিবীক্ষণ করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইটে কমিটি পাওয়া যায়নি। সভায় এ বিষয়ে আলোচনা হয়।<br><br>সভাপতি জানান, কর্মপরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়নের জন্য প্রতিটি জেলার ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুর্নগঠন করা | ১। ০৫.৪৩.৩৮০০.০০৫.৯৯.১৫৬.১৮. ২০১ নম্বর অফিস আদেশে এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠিত হওয়ায় এবং ২য় ত্রৈমাসিক বর্ণিত কমিটি পুনর্গঠনের প্রয়োজনীয়তা অনুভূত না হওয়ায় সর্বসম্মতিক্রমে উক্ত পুনর্গঠিত কমিটি বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সেবা প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠন করে নিজস্ব ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে।<br>৩। এ কার্যালয় ও আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজন করতে হবে। উক্ত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) জয়পুরহাট জেলা ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) এ কার্যালয় |

| | | | |
|---|---|---|---|
| | প্রয়োজন। তিনি এ কার্যালয় ও সকল উপজেলার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আহবান ও সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। | | |
| ০২. | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজন:** এ কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা আয়োজনের বিষয়ে অন্তর্ভুক্ত রয়েছে। বর্তমানে ২য় ত্রৈমাসিকের তৃতীয় মাস চলমান। এ কারণে ডিসেম্বর, ২০২২ মাসের মধ্যেই সভাটি আয়োজন করতে হবে। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা ডিসেম্বর-২০২২ মাসের ২য় সপ্তাহে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) এ কার্যালয় |
| ০৩. | **ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ):** সদস্য সচিব জানান যে, নির্ধারিত ফরমেটে সেবা প্রদান প্রতিশ্রুতি সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই তিন ভাগে বিভক্ত করে প্রস্তুত করার পর গত ১৪/০৯/২০২২ তারিখে ওয়েবসাইটের নির্দিষ্ট সেবা বক্সে আপলোড করা হয়েছে। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি ২য় ত্রৈমাসিক হালনাগাদ করার প্রয়োজনীয়তা আছে কিনা তা জানতে চাওয়া হয়। কমিটির সকল সদস্যগণ এ কার্যালয়ের আপলোডকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ রয়েছে মর্মে মতামত প্রদান করেন। তারা জানান যে, সর্বশেষ সিটিজেন চার্টারের পর আর অন্য কোন নতুন সেবা যুক্ত হয়নি। আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয় এবং তাদের ওয়েবসাইট পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণকালে সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিলক্ষিত হয়নি।<br><br>সভাপতি বলেন যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ রাখা প্রয়োজন। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ থাকলে সেবা পেতে জনগণের দুর্ভোগ কমবে। | ১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি নির্ধারিত ফরমেটে ৮ কলামে এবং সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই তিন ভাগে বিভক্ত করে প্রস্তুত ও হালনাগাদপূর্বক ওয়েবসাইটের নির্ধারিত সেবা বক্সে আপলোড করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) জয়পুরহাট জেলা<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) এ কার্যালয় |
| ০৪. | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন:** এ কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.১ অংশে ষান্মাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের বিষয়ে অন্তর্ভুক্ত রয়েছে। সভায় কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার অনুষ্ঠানের সময় নির্ধারণ নিয়ে আলোচনা হয়। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক একটি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার ডিসেম্বর-২০২২ মাসের মধ্যে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) এ কার্যালয় |
| ০৫. | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন:** এ কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.২ অংশে ষান্মাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজনের বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। সভাটি আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে একটি সভা ডিসেম্বর-২০২২ মাসের মধ্যে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সাধারণ শাখা) এ কার্যালয় |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/১২/২২

(মো: আনোয়ার পারভেজ)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
জয়পুরহাট
ফোনঃ (৮৮+) ০৫৭১-৬২২১০
adcgjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhat.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৩.৩৮০০.০০৫.৯৯.১৫৬.২১- ৯০৬/১

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৯
১২ ডিসেম্বর ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০২। ..................................................................................... .জয়পুরহাট।

12/12/2022

(দিল আফরোজ)
সহকারী কমিশনার
জয়পুরহাট
ফোন:(+৮৮)০৫৭১-৬২৩০৬
acgjoypurhat@gmail.com